
৪৭

ভোরের কাগজ

তারিখ ...FEB. 8 1999

পৃষ্ঠা ০২ কলাম ২






*শরদিন্দু দস্তিদারের বইয়ের প্রচ্ছদ*



*ফরিদ কবিরের কাব্যগ্রন্থের প্রচ্ছদ*

# আসছে নতুন নতুন বই

**মানস ঘোষ :** শুধু বই নয়। এবারের মেলা প্রাঙ্গণ সেজেছে বাহারি ফুলের সৌরভে। গোলাপ, ডালিয়া, কসমস, গাঁদা আরো কতো কি ফুল। একাডেমীর মূল গেট দিয়ে ঢুকলেই পাওয়া যাচ্ছে ফুলেল সংবর্ধনা। পুরো বর্ধমান হাউসের আশপাশ জুড়ে এই ফুল চাষ বই ক্রেতাদের মন ভরিয়ে দিচ্ছে।

একজন নিরাপত্তারক্ষী মতিউর রহমান জানালেন, কেউ ফুল ছিঁড়ছে এমন দৃশ্য তাদের চোখে পড়েনি। বাংলা একাডেমীর মহাপরিচালক বললেন, 'একাডেমীর মাটি ফুল চাষের উপযোগী নয়। তবু অনেক যত্ন করে গাছগুলো বড়ো করেছি। ফুল ফুটেছে। দেখেও বেশ ভালো লাগছে।' এবারের মেলায় এখন পর্যন্ত দর্শক সমাগমে ঘাটতি দেখা যাচ্ছে না। দুদিনের সরকারি ছুটির পর গতকাল কর্মদিবসেও অনেক দর্শক। তবে, প্রকাশকরা জানালেন, আগের দুদিনের মতো গতকাল বই তেমন বিক্রি হয়নি।

গতকাল থেকে চালু হয়েছে একাডেমীর তথ্য কেন্দ্রের কার্যক্রম। এই কার্যক্রমের অংশ হিসেবে বর্ধমান হাউসের উত্তরের বারান্দায় স্থাপিত বিশাল পর্দায় দেখানো হচ্ছে নতুন বইয়ের প্রচ্ছদসহ পরিচিত। গতকাল একাডেমীর প্রেস ব্রিফিংে জানানো হয়, এই কার্যক্রমে প্রকাশকদের সহযোগিতা পাওয়া যাচ্ছে না। অল্পকটি বই তাই ঘুরিয়ে ফিরিয়ে দেখানো হচ্ছে।

বাংলা একাডেমীর স্টলে ভিড় সব সময়ই বেশি। এই স্টলে অভিধান, গবেষণা গ্রন্থ, পাঠ্যপুস্তক বেশি বিক্রি হচ্ছে বলে জানালেন একজন কর্মচারী। গত শনিবার একাডেমীর স্টলে বই বিক্রি হয়েছে সাড়ে ৮৫ হাজার টাকার। বইমেলা উপলক্ষে বাংলা একাডেমী এ পর্যন্ত প্রকাশ করেছে ১৯টি নতুন বই। এর মধ্যে উল্লেখযোগ্য 'একুশের গল্প' এবং 'একুশের কবিতা' দুটি সংকলন গ্রন্থ। একুশের গল্প বইটি সম্পাদনা করেছেন হাসান আজিজুল হক, আর একুশের কবিতা শামসুর রাহমান।

উনিশ শতকে বাঙালি ভদ্র মহিলাদের নিয়ে গবেষণাধর্মী বই 'অন্দরে অন্তরে' প্রকাশ করেছে ইউনিভারসিটি প্রেস লিমিটেড। লেখক পশ্চিমবঙ্গের সম্বুদ্ধ চক্রবর্তী। বইটি গতকালই মেলায় এসেছে। মূল্য ২৭৫ টাকা।

সন্দেশ মেলা উপলক্ষে বের করেছে আর্নেস্তো চে গুয়েভারার সম্পূর্ণ নতুন একটি বই 'মোটর সাইকেল ডায়রি' অনুবাদ করেছেন আবীর হাসান। কাজী নজরুল ইসলাম-এর কিছু নির্বাচিত লেখা এবং কবিতা ইংরেজি অনুবাদ প্রকাশ করেছে নজরুল ইন্সটিটিউট। সাজ্জাদ কবিরের অনুবাদে বইটির দাম রাখা হয়েছে ১২০ টাকা। মাওলা ব্রাদার্স থেকে বেরিয়েছে হারুনুর রশীদের 'রাজনীতি কোষ'। দেশে প্রচলিত রাজনৈতিক শব্দগুলোর উৎপত্তিসহ বইটিতে সাবলীল ব্যাখ্যা রয়েছে। মূল্য ২৫০ টাকা।

ফরিদ কবির-এর কবিতা গ্রন্থ 'মন্ত্র' বেরিয়েছে অন্য প্রকাশ থেকে। সুমন সরদারের কবিতা নিয়ে বই 'তবু তুমি দাঁড়িয়ে অনড়'। প্রকাশ করেছে বিশাখা। আগামী প্রকাশনী থেকে প্রকাশিত হয়েছে আয়াত আলী পাটওয়ারীর বই 'কিংবদন্তি কন্যা', 'থু' এবং 'জীবন যুদ্ধে'। সাহিত্য একাডেমী প্রকাশ করেছে তরুণ লেখক পরিতোষ বাড়ৈর উপন্যাস 'এই মন তোমারই'। আনিসুল হক-এর বই 'ফাল্গুনের রাতের আঁধারে' বেরিয়েছে অন্য প্রকাশ থেকে।

**আজকের অনুষ্ঠান**

কাজী নজরুল ইসলামের জন্মশতবার্ষিকী উপলক্ষে তাঁর জীবন ও সাহিত্য নিয়ে আলোচনা সভা। মূল প্রবন্ধকার অধ্যাপক সারোয়ার জাহান। আলোচনায় অংশ নেবেন ড. করুণাময় গোস্বামী, অধ্যাপক সফিউদ্দিন আহমদ, হাবীবুল্লাহ সিরাজী এবং আবু হেনা আবদুল আউয়াল। সভাপতি রফিকুল ইসলাম।

● আরো খবর -পৃষ্ঠা ১০